# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭২২

পর্ব - ৬ঃ হাজ্জ (হজ্জ/হজ) প্রসঙ্গ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ২. মীকাত (ইহরাম বাঁধার নির্ধারিত স্থানসমূহ) - যে সমস্ত মীকান্ত (হজ্বের ইহরাম বাঁধার জন্য নির্বাচিত স্থানসমূহ) দলীল দ্বারা সাব্যস্ত

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا; أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ وَقَّتَ لِأَهْلِ الْمَدِينَةِ: ذَا الْحُلَيْفَةِ, وَلِأَهْلِ الشَّامِ: الْجُحْفَةَ, وَلِأَهْلِ نَجْدٍ: قَرْنَ الْمَنَازِلِ, وَلِأَهْلِ الْيَمَنِ: يَلَمْلَمَ, هُنَّ لَهُنَّ وَلِمَنْ أَتَى عَلَيْهِنَّ مِنْ غَيْرِهِنَّ مِمَّنْ أَرَادَ الْحَجَّ وَالْعُمْرَةَ, وَمَنْ كَانَ دُونَ ذَلِكَ فَمِنْ حَيْثُ أَنْشَأَ, حَتَّى أَهْلُ مَكَّةَ مِنْ مَكَّةَ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (1524)، ومسلم (1181)

বাংলা

৭২২। ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহরাম বাঁধার স্থান নির্ধারণ করে দিয়েছেন, মদীনাবাসীদের জন্য যুল-হুলায়ফা, সিরিয়াবাসীদের জন্য জুহফা, নজদবাসীদের জন্য কারনুল মানাযিল, ইয়ামানবাসীদের জন্য ইয়ালামলাম। হাজ্জ ও 'উমরাহর নিয়্যাতকারী সেই অঞ্চলের অধিবাসী এবং ঐ সীমারেখা দিয়ে অতিক্রমকারী অন্যান্য অঞ্চলের অধিবাসী সকলের জন্য উক্ত স্থানগুলো মীকাতরূপে গণ্য এবং যারা এ সব মীকাতের ভিতরে (অর্থাৎ মক্কার নিকটবর্তী) স্থানের অধিবাসী, তারা যেখান হতে হাজের নিয়্যাত করে বের হবে (শেখান হতে ইহরাম বাঁধবে)। এমন কি মক্কাবাসী মক্কা হতেই (হাজ্জের) ইহরাম বাঁধবে।[1]

## English

Ibn 'Abbas (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) specified for the people of Madinah, DhulHulaifah (a place 540 km to the north of Makkah) as miqat. For those coming from ash-Sham (including Syria, Jordan and

Palestine), he specified al-Juhfah (a place 187 km to the north-west of Makkah and close to Rabigh, where they now perform their Ihram). For those coming from Najd, he specified Qran al-Manazil, (a mountain, 94 km to the east of Makkah, overlooking 'Arafah. For those coming from Yemen, he specified Yalamlam (a mountain 54 km to the south of Makkah. These places are for the people (coming from the above specified countries) as well as for others, who pass by them on their way to perform Hajj or ’Umrah. Those living within those boundaries can assume Ihram from where they set out (for the journey), and even the residents of Makkah, their Miqat would be the place where they are staying in Makkah.’ Agreed upon.

## ফুটনোট

[1] বুখারী ১৫২৪, ১৫২৬, ১৫২৯, ১৫৩০, মুসলিম ১১৮১, ১১৮৯, নাসায়ী ২৬৫৪, ২২২৪, ২২৭২, ৩০৫৬, দারেমী ১৭৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70533

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন